অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/31/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL-এর (হোকল) 850 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ নিউ ইয়র্ককে ডেভেলপমেন্টাল ডিজেবিলিটি সেবা দানকারীদের জন্য আরো সাশ্রয়ী করছে

আপনার পকেটে আরো অর্থ: রেট-রিবেজ করার ফলে ননপ্রফিট সেবাদানকারীদেরকে ফ্রন্টলাইন স্টাফের জন্য প্রতিযোগিতা করার মতো বেতন দিতে সাহায্য করা হবে

নিউ ইয়র্ককে দেশের সবথেকে ওয়ার্কার-ফ্রেন্ডলি স্টেট করতে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতিকে অগ্রসর করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের (New York State) অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজের (Office for People With Developmental Disabilities, OPWDD) থেকে লাইসেন্স পাওয়া ননপ্রফিট আবাসিক এবং ডে সার্ভিস দানকারীদের জন্য আপডেটেড ক্ষতিপূরণ রেট হিসেবে প্রায় 850 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হবে। ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2025 সালের পাশ করা বাজেট বাড়তি ফেডারেল তহবিলের সাথে মিলিত হয়ে 400 মিলিয়ন মার্কিন ডলারের বেশি নতুন রিসোর্স দিচ্ছে যা প্রতি বছর OPWDD-এর সেবাদানকারীদের জন্য বরাদ্দ করা হবে। গভর্নর Hochul-এর (হোকল) FY 2026 সালের পাশ করা বাজেট এই বিনিয়োগ বহাল রাখছে এবং এই ওয়ার্কফোর্সের অতি গুরুত্বপূর্ণ ঘাটতি পূরণ করতে এবং একই সাথে নতুন চাকরির সুযোগ তৈরি করতে সাহায্য করবে। এই বিনিয়োগটি সেবাদানকারীদের জন্য তাদের নিবেদিত স্টাফের বেতন বাড়ানো সম্ভব করবে, যার ফলে নিউ ইয়র্ক বাস কর এবং কাজ করার জন্য আরো সাশ্রয়ী একটি স্থান হবে। আমাদের সেবাদানকারী ইন্ডাস্ট্রি চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে, এবং গভর্নর Hochul-এর (হোকল) এই সাহসী উদ্যোগ এই খাত, এর পরিশ্রমী মানুষ এবং তারা যে কমিউনিটিগুলিতে সেবা দেয় তাদের সমর্থন করার একটি অঙ্গীকার দেখায়।

"নিউ ইয়র্কের সেবাদানকারীরা ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ মানুষ এবং তাদের পরিবারের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ সেবা দিচ্ছে, এবং তারা যে সেবা দেয় তার জন্য একটি ন্যায্য রেটে বেতন পাওয়া তাদের প্রাপ্য," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই রেট অ্যাডজাস্ট করার ফলে বেশিরভাগ সেবাদানকারীরা তাদের ফ্রন্টলাইনের স্টাফের জন্য বেতন বাড়াতে পারবে বলে আশা করা যাচ্ছে, যার ফলে আমাদের সবথেকে পরিশ্রমী, সবথেকে নিবেদিত এবং সহানুভূতিশীল ওয়ার্কফোর্সগুলির একটির জন্য নিউ ইয়র্কে বাস করা আরো সাশ্রয়ী করবে।"

রেট রিবেজ করা হলো ফেডারেলভাবে আবশ্যক একটি প্রক্রিয়া যেখানে সেবাদানকারীর ক্ষতিপূরণের রেট আপডেট করে দেওয়া হয় যাতে তা সেবা দেওয়ার প্রকৃত খরচে যে পরিবর্তন হয় তার সাথে মানানসই হতে পারে। এই রিসোর্সগুলির কারণে সেবাদানকারী এজেন্সিগুলি ডিরেক্ট কেয়ার স্টাফদের আরো বেশি বেতন দিতে পারবে, যা স্টাফিং ভ্যাকেন্সির সমাধান করবে এবং টার্নওভার কমাবে, যা ডিজেবিলিটিসহ মানুষের জন্য সেবার মান উন্নত করার জন্য অতি গুরুত্বপূর্ণ। পাশাপাশি, তহবিলটি এইসব অতি প্রয়োজনীয় সেবা দেওয়ার সাথে জড়িত অন্যান্য অতি প্রয়োজনীয় খরচকে সমর্থন করবে।

ওয়ার্কফোর্সে বিনিয়োগ সমর্থন করার জন্য 2022 সাল থেকে স্টেট OPWDD সেবাদানকারী জন্য 2.8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি দিয়েছে, যার মধ্যে আছে প্রায় 1.4 বিলিয়ন মার্কিন ডলারের এককালীন ফেডারেলভাবে অনুমোদিত বোনাস, তিনটি ধারাবাহিক কস্ট অফ লিভিং অ্যাডজাস্টমেন্টের (Cost of Living Adjustments, COLA) মাধ্যমে প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে গত বছরের বাজেটের 2.84 শতাংশ COLA আছে, এবং একাধিক স্টেট অর্থায়িত বোনাস উদ্যোগের মাধ্যমে 340 মিলিয়ন মার্কিন ডলারের বেশি। সব মিলিয়ে, যদি রেটের এই নজিরবিহীন বিনিয়োগ থেকে নতুন রিসোর্স যোগ করা হয় তাহলে, OPWDD-এর ননপ্রফিট সেবাদানকারীদের নেটওয়ার্কের জন্য 3.7 বিলিয়ন মার্কিন ডলারের বেশি দেওয়া হয়েছে।

অফিস অফ দ্য চীফ ডিজেবিলিটি অফিসার (Office of the Chief Disability Officer) থেকে Kim Hill Ridley (কিম হিল রিডলি) বলেন, "ডিজেবিলিটি সার্ভিস সিস্টেমকে জোরদার করার জন্য এবং ডিজেবিলিটিসহ নিউ ইয়র্কবাসীকে তাদের প্রতিদিনের জীবনে সাহায্য করা ডিরেক্ট সাপোর্ট ওয়ার্কফোর্সের বেতন বাড়ানোকে অগ্রাধিকার দেওয়ার একটি মুখ্য অংশ হলো এই বিনিয়োগ। এই রিসোর্সের জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ যা সেবাদানকারীদের প্রতিযোগিতায় টিকে থাকতে দেয় এবং একই সাথে সবথেকে সেরা সমর্থন ও সেবা দিয়ে থাকে।"

অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজের ভারপ্রাপ্ত কমিশনার Willow Baer (উইলো বায়ের) বলেন, "এই উল্লেখযোগ্য রেট অ্যাডজাস্টমেন্ট প্রকাশ করতে পেরে OPWDD খুশি যা আমাদের সেবাদানকারীদেরকে অতি গুরুত্বপূর্ণ সমর্থন দিয়ে যেতে এবং মেধাবী ও যোগ্য ফ্রন্টলাইন স্টাফ নিয়োগ ও ধরে রাখতে সাহায্য করবে। এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ নিয়ে আমি গর্বিত এবং দীর্ঘদিনের উদ্বেগের সমাধান করতে এবং এই অতি গুরুত্বপূর্ণ ওয়ার্কফোর্সকে জোরদার করতে পাশ করা এই তহবিল দেখার জন্য আগ্রহী।"

স্টেটের সিনেটর Patricia Fahy (প্যাট্রিশিয়া ফাহি) বলেন, "আমাদের কেয়ারগিভার এবং ডিজেবিলিটি নিয়ে বাস করা নিউ ইয়র্কবাসীদের জন্য অতি গুরুত্বপূর্ণ সেবা ও কেয়ার দেওয়া ডিরেক্ট সাপোর্ট ওয়ার্কফোর্সে বিনিয়োগ করার মাধ্যমেই আমরা ভ্যাকেন্সি, এই কাজে ধরে রাখার সমাধান করবো, এবং নিশ্চিত করবো যাতে কেয়ার চলতে পারে। এই তহবিলের ফলে সেবাদানকারীরা আরো প্রতিযোগিতার যোগ্য বেতন দিতে পারবে এবং স্টাফিংয়ের সমস্যার সমাধান করতে পারবে, যার ফলে ডিজেবিলিটি নিয়ে বেঁচে থাকা নিউ ইয়র্কবাসী ও তাদের পরিবারের জন্য সেবা উন্নত হবে। আমাদের ফ্রন্টলাইন ওয়ার্কফোর্সে বিনিয়োগ করার গুরুত্ব বুঝতে পারার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং কমিশনার Baer-কে (বায়ের) ধন্যবাদ

জানাচ্ছি, এবং আমাদের ডিরেক্ট সাপোর্ট প্রফেশনাল ওয়ার্কফোর্সে আরো বিনিয়োগ করার জন্য আমার কলিগদের সাথে কাজ করতে আমি আগ্রহী।"

অ্যাসেম্বলির সদস্য Angelo Santabarbara (এঞ্জেলো সান্টাবারবারা) বলেন, "ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালরা হলো আমাদের কেয়ার সিস্টেমের মেরুদণ্ড, তারা এমন অতি গুরুত্বপূর্ণ সমর্থন দিয়ে থাকে যার ফলে ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ ব্যক্তিরা মর্যাদা ও স্বাধীনতার সাথে বেঁচে থাকতে পারে। ডিজেবিলিটি সেবা জোরদার করার ব্যাপারে এই বিনিয়োগটি একটি উল্লেখযোগ্য ধাপ, এটি নিশ্চিত করবে যাতে সেবাদানকারীরা তাদের রিক্রুটদের আরো প্রতিযোগিতার যোগ্য বেতন দিতে পারে এবং মানুষের জীবনে সত্যিকারের পরিবর্তন এনে দেয় এমন নিবেদিত প্রফেশনালদের ধরে রাখতে পারে। এটি ওয়ার্কফোর্সের ঘাটতি সমাধানে সাহায্য করে এবং একটি শক্তিশালী ও সাস্টেনেবল কেয়ার সিস্টেমের প্রতি আমাদের প্রতিশ্রুতিকে জোরদার করে। গভর্নর Hochul (হোকল) যে এই প্রয়োজন বুঝতে পেরেছেন এবং নিউ ইয়র্কের ডিজেবিলিটি সেবাদানকারীদের সমর্থনের ব্যাপারে তার অঙ্গীকারের জন্য আমি তার প্রশংসা করছি। একজন ডিজেবিলিটিসহ ছেলের বাবা হিসেবে আমি এই ব্যাপারে অত্যন্ত আবেগপ্রবণ, এবং এইসব সেবা জোরদার করবে এমন পলিসি অগ্রসর করার ব্যাপারে আমি মনোযোগী থাকবো, যা নিশ্চিত করবে যে ডিজেবিলিটিসহ ব্যক্তি ও তাদের পরিবারের কাছে তাদের প্রাপ্য কেয়ার এবং সমর্থন পাওয়ার সুযোগ থাকবে।"

NY Alliance for Inclusion and Innovation-এর প্রেসিডেন্ট এবং CEO Michael Seereiter (মাইকেল সীরাইটার) বলেন, "NY Alliance এবং তাদের 135টি ননপ্রফিট সেবাদানকারী সদস্য এই নজিরবিহীন বিনিয়োগের জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং OPWDD-এর ভারপ্রাপ্ত কমিশনার Willow Baer-এর (উইলো বায়ের) প্রতি অত্যন্ত কৃতজ্ঞ, বিনিয়োগটি OPWDD-এর সমর্থন পাওয়া, ইন্টেলেকচুয়াল এবং ডেভেলপমেন্টাল ডিজেবিলিটি (intellectual and developmental disabilities, I/DD) নিয়ে বেঁচে থাকা 130,000+ নিউ ইয়র্কবাসী এবং তাদের পরিবারকে সমর্থন করার আমাদের ক্ষমতা উল্লেখযোগ্যভাবে বাড়িয়ে দিবে। এই রিসোর্সগুলি আমাদের আবাসিক এবং ডে সার্ভিস দানকারীদের ডিরেক্ট সাপোর্ট, ফ্রন্টলাইনে সুপারভাইজার, এবং অন্যান্য অতি গুরুত্বপূর্ণ স্টাফ পদের জন্য আকৃষ্ট ও জড়িত করার ক্ষমতা দিবে যা উচ্চমানের সমর্থন দেওয়ার জন্য, এবং এইসব সেবার সাথে সম্পর্কিত অন্যান্য অতি প্রয়োজনীয় খরচের সমাধান করার জন্য প্রয়োজনীয়।"

ARC NY-এর CEO Erik Geizer (এরিক গাইজার) বলেন, "ইন্টেলেকচুয়াল এবং ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ মানুষের জন্য নিউ ইয়র্ক স্টেট একটি অর্থপূর্ণ এবং অতি প্রয়োজনীয় বিনিয়োগ করেছে। বহু বছরের অপর্যাপ্ত বিনিয়োগের কারণে আমাদের সিস্টেমে একটি সঙ্কট দেখা দিয়েছে যা অতি প্রয়োজনীয় সমর্থন ও সেবার মাণ ও তা পাওয়ার সুযোগ কমিয়ে দিয়েছে। বিনিয়োগকে সেবা দেওয়ার বর্তমান খরচের সাথে আরো ভালোভাবে মানানসই করতে সেবাদানকারীদের সাথে সহযোগিতা করার জন্য আমরা গভর্নর Hochul (হোকল) এবং OPWDD-এর প্রশংসা করছি। আমরা যে মানুষদের সমর্থন করি তাদের চাহিদা আরো ভালোভাবে পূরণ করতে এই বাড়তি রিসোর্সগুলি সেবাদানকারীদেরকে সাহায্য করবে। বিশেষ চাহিদাসম্পন্ন আমাদের নাগরিকদের উচ্চমানের, সহানুভূতিশীল কেয়ার দেওয়ার ব্যাপারে আমাদের প্রতিশ্রুতিকে আমরা যাতে সম্মান করতে পারি তা নিশ্চিত করার জন্য স্টেটের সাথে কাজ চালিয়ে জেট আমরা আগ্রহী।"

CP State-এর CEO এবং প্রেসিডেন্ট Mike Alvaro (মাইক আলভারো) বলেন,
"সেবাদানকারীদের রেট আপডেট করার জন্য আমরা নিউ ইয়র্ক স্টেট এবং অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটির প্রশংসা করছি, যা ডিজেবিলিটিসহ মানুষের সেবার জন্য একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। এছাড়াও আমরা ডেভেলপমেন্টাল ডিজেবিলিটি সিস্টেম জোরদার করতে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং ভারপ্রাপ্ত কমিশনার Willow Baer-এর (উইলো বায়ের) প্রতিশ্রুতি ও প্রয়াসের জন্য তাদের প্রশংসা করছি। এই সমর্থন সেবাদানকারীদের তাদের ওয়ার্কফোর্স জোরদার করতে, বাড়তে থাকা খরচ দিতে, এবং সবথেকে গুরুত্বপূর্ণ হলো, পুরো স্টেটে ইন্টেলেকচুয়াল ও ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ ব্যক্তিদের জন্য উচ্চমানের কেয়ারের নেটওয়ার্ক নিশ্চিত করতে সাহায্য করে।"

Inter Agency Council-এর CEO Winifred Schiff (উইনফ্রেড শিফ) বলেন,
"ডেভেলপমেন্টাল ডিজেবিলিটি সেবার খাতে তাদের সমর্থনের জন্য, সেবাদানের খরচ দিনে দিনে বেড়ে গেছে এবং রেট পেছনেই পড়ে আছে এটি বুঝতে পারার জন্য, এবং আমাদের ফ্রন্টলাইনের স্টাফ যে অতি প্রয়োজনীয়, জীবন রক্ষাকারী এবং ইতিবাচক সেবা দিয়ে থাকে যা অনেক নিউ ইয়র্কবাসীর জন্য বেঁচে থাকা সম্ভব করে সেই স্বীকৃতি দেওয়ার জন্য আমরা গভর্নর Hochul (হোকল) এবং ভারপ্রাপ্ত কমিশনার Willow Baer-এর (উইলো বায়ের) প্রশংসা করছি। যদিও আমাদের কাজ শেষ হয়নি, তবে সাম্প্রতিক রেট অ্যাডজাস্টমেন্ট বহু বছরে এক জায়গায় আটকে থাকা রেটের ক্ষতিপূরণ করার ব্যাপারে এবং কোভিড মহামারীর সময় সেবাদানকারীদের যে ক্ষতি হয়েছে তার কিছুটা ক্ষতিপূরণ করার ব্যাপারে অনেক সাহায্য করবে, এবং আমরা বিশ্বাস করি যে গভর্নর Hochul (হোকল) আমাদের পাশেই থাকবেন যাতে আমরা একসাথে আমাদের ফ্রন্ট লাইনের ওয়ার্কফোর্সের জন্য যথাযথ বেতন অর্জন করতে পারি, এবং যাতে আমাদের খাতটি ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ নিউ ইয়র্কবাসী এবং তাদের পরিবারকে ভবিষ্যতে আরো অনেকদিন পর্যন্ত সমর্থন করতে পারে।"

Developmental Disabilities Alliance of Western New York (DDAWNY)-এর প্রেসিডেন্ট Mindy Cervoni (মিন্ডি সেরভোনি) বলেন, "ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ ব্যক্তিদের সমর্থন করা নিউ ইয়র্কের ননপ্রফিট সেবাদানকারীদের প্রতি গভর্নর Hochul-এর (হোকল) অটুট অঙ্গীকারের জন্য Developmental Disabilities Alliance of Western New York তার প্রতি অত্যন্ত কৃতজ্ঞ। এই রূপান্তরকারী তহবিল সেবাদানকারীদের উচ্চমানের সেবা দিতে থাকার এবং একই সাথে ডিরেক্ট সাপোর্ট প্রফেশনালদের -ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ মানুষদের বাস্তব কেয়ার ও অতি প্রয়োজনীয় সমর্থন দেওয়া সহানুভূতিশীল ও দক্ষ ব্যক্তিদেরকে আরো প্রতিযোগিতার যোগ্য বেতন দিয়ে যাওয়ার ক্ষমতা দেয়। এইসব প্রফেশনালদের অমূল্য কাজের স্বীকৃতি দিয়ে এবং তারা যাতে ন্যায্য ক্ষতিপূরণ পায় তা নিশ্চিত করার মাধ্যমে এই বিনিয়োগটি এয়ারফোর্সের স্থিতিশীলতা জোরদার করে এবং তাদের কেয়ারের উপর নির্ভর করে এমন ব্যক্তি ও পরিবারের জীবনযাত্রার মাণ উল্লেখযোগ্যভাবে উন্নত করে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন